গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৮৭/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ৩১ মার্চ ২০১৯, ১৭ চৈত্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতীয় শিল্পমেলা শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
২। দাদার মিলাদ ও দোয়া মাহফিলে প্রধানমন্ত্রীর যোগদান
৩। ফায়ার সার্ভিস আধুনিকায়নে কাজ চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৪। আজ থেকে অভিযান, অগ্নিনির্বাপণ ব্যবস্থা না থাকলে ভবন সিলগালা : গণপূর্তমন্ত্রী
৫। আগামীকাল থেকে বিদেশি চ্যানেলে দেশীয় বিজ্ঞাপন বন্ধ : তথ্যমন্ত্রী
৬। ডিএনসিসি মার্কেটে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তরা সহায়তা পাবেন : এলজিআরডিমন্ত্রী
৭। আগামীকাল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু
গুজবে কান না দেওয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর
৮। বঙ্গবন্ধুর খুনিদের ফেরাতে কাজ চলছে : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী
৯। দায়িত্ব পালন না করলে ডাক্তার-নার্সদের চাকরিতে থাকার প্রয়োজন নেই : স্বাস্থ্যমন্ত্রী
১০। ডিজিটাল শিল্পনগরী হবে রাজশাহী : তথ্যপ্রযুক্তিমন্ত্রী
১১। ঢাকার নৌপথ পুরনো অবয়বে ফিরিয়ে আনা হবে : নৌপ্রতিমন্ত্রী
১২। গ্রিনহাউজ গ্যাস উদগীরণ বন্ধে দ্রুত ব্যবস্থা নিতে হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৩। ১০৭ উপজেলা পরিষদের ভোট গ্রহণ আজ
১৪। তুরাগ নদে খনন শুরু : রাতে নৌযান চলাচল বন্ধ

চলমান পাতা-২

**১। জাতীয় শিল্পমেলা শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

দেশীয় শিল্পের পরিচিতি বাড়ানো, উদ্যোক্তা ও ভোক্তার মধ্যে পারস্পরিক যোগাযোগ বাড়ানো এবং শিল্পখাতে দেশি-বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে প্রথমবারের মতো জাতীয়ভাবে শুরু হচ্ছে শিল্পমেলা। রাজধানীর শেরে বাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আজ (৩১ মার্চ রোববার) এ মেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শিল্প মন্ত্রণালয় আয়োজিত এ মেলা চলবে ৬ এপ্রিল পর্যন্ত। গতকাল (৩০ মার্চ শনিবার) রাজধানীর মতিঝিলে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদসম্মেলনে এ তথ্য জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। শিল্পমন্ত্রী বলেন, এ মেলার মাধ্যমে দেশি-বিদেশি উদ্যোক্তারা জানবে, এখানে কী কী উৎপাদন হয় কিংবা আমরা কী কী উদ্যোগ নিচ্ছি। মেলায় ৩শ' উদ্যোক্তা প্রতিষ্ঠান অংশ নিচ্ছে, যার বেশিরভাগই নারী উদ্যোক্তাদের। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১২,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.৫)।

**২। দাদার মিলাদ ও দোয়া মাহফিলে প্রধানমন্ত্রীর যোগদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দাদা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাবা মরহুম শেখ লুৎফর রহমানের ৪৪তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে রাজধানীর ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে গতকাল (৩০ মার্চ শনিবার) বাদ মাগরিব এক মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ মাহফিলে অংশগ্রহণ করেন। মাহফিলে মরহুম শেখ লুৎফর রহমান এবং বঙ্গবন্ধুসহ **১৫** আগস্টের শহিদদের জন্য বিশেষ মোনাজাত করা হয়। মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তাঁর পরিবারের সদস্যদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ূ এবং দেশ ও জাতির অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৩। ফায়ার সার্ভিস আধুনিকায়নে কাজ চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের সহায়তায় সিটি করপোরেশন যে ঘোষণা দিয়েছে সেটা তারা দেখবে। ফায়ার সার্ভিসকে আধুনিকায়নে কাজ করা হচ্ছে। ফায়ার সার্ভিসের ভারী যন্ত্রপাতিগুলো ঢাকা শহরের বিভিন্ন জায়গায় রাখা হবে। নিরাপদ ঢাকা নিশ্চিত করার কাজ চলছে। এর জন্য আরো কনসালট্যান্ট নিয়োগ দেওয়া হবে। গতকাল (৩০ মার্চ শনিবার) তেজগাঁও আদর্শ স্কুল অ্যান্ড কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। বনানীর এফআর টাওয়ারের অগ্নিকাণ্ডে তদন্ত চলছে জানিয়ে তিনি আরো বলেন, তদন্তে বিল্ডিং কর্তৃপক্ষ কিংবা অন্যকারো গাফিলতি পেলে ব্যবস্থা নেওয়া হবে। **সূত্র : ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.৩,ক.১)।

**৪। আজ থেকে অভিযান, অগ্নিনির্বাপণ ব্যবস্থা না থাকলে ভবন সিলগালা : গণপূর্তমন্ত্রী**

অগ্নিনির্বাপণ ব্যবস্থা না থাকলে বা অপরিকল্পিতভাবে নির্মিত ভবনের বিরুদ্ধে আজ (৩১ মার্চ রোববার) থেকে অভিযানে নামবে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। গতকাল (৩০ মার্চ শনিবার) গুলশান-**১** নম্বর ডিএনসিসি কাঁচাবাজার ও সুপারমার্কেটের অগ্নিকাণ্ডস্থল পরিদর্শনের পর একথা বলেছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম। তিনি বলেন, অগ্নিনির্বাপণ ব্যবস্থা না থাকা ভবনগুলোর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যে সকল ভবনে অগ্নিনির্বাপণের সকল ব্যবস্থা নেই, সেগুলো চিহ্নিত করে প্রয়োজনে সেগুলো ভেঙে ফেলা হবে অথবা মালিকপক্ষকে ইমারত নির্মাণের সকল বিধি-বিধান সংযুক্ত করার পরে কার্যক্রম চালাতে দেওয়া হবে। ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের কাউকে ছাড় দেওয়া হবে না। প্রধানমন্ত্রীর নির্দেশ, যিনিই জড়িত হন, মালিক হন, ডেভেলপার হন, এমনকি রাজউকের কর্মকর্তা-কর্মচারী হন, তাদের আইনের আওতায় আনা হবে। মন্ত্রী আরো বলেন, অগ্নিকাণ্ডের ঘটনায় যেই দায়ী থাকুক তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়াসহ অপরিকল্পিত সকল ভবন চিহ্নিত করা হবে। বহুতল ভবনে অগ্নিনির্বাপণ ব্যবস্থা পরীক্ষার জন্য আজ রোববার থেকে **১৫** দিনের অভিযান শুরু হবে। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৫। আগামীকাল থেকে বিদেশি চ্যানেলে দেশীয় বিজ্ঞাপন বন্ধ : তথ্যমন্ত্রী**

আগামীকাল (**১** এপ্রিল) থেকে দেশে ডাউনলিংকের মাধ্যমে সম্প্রচারিত সব বিদেশি টিভি চ্যানেলে দেশীয় পণ্যের বিজ্ঞাপন প্রচার বন্ধের নির্দেশ দিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (৩০ মার্চ শনিবার) রাজধানীর শিল্পকলা একাডেমিতে 'ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার' আয়োজিত 'সংকটে বেসরকারি টেলিভিশন' শীর্ষক সেমিনারে তিনি এ নির্দেশ দেন। তথ্যমন্ত্রী বলেন, আইন অনুযায়ী দেশে ডাউনলিংকের মাধ্যমে সম্প্রচারিত সব বিদেশি টিভি চ্যানেলে দেশীয় পণ্যের বিজ্ঞাপন প্রচার করা দন্ডনীয় অপরাধ। এ আইনটি পুরোপুরি বাস্তবায়ন করা হলে, বছরে ৫শ' কোটি টাকার বিজ্ঞাপন দেশীয় টেলিভিশনগুলো পাবে বলে আমি মনে করি। এ পরিমাণ বিজ্ঞাপন পেলে আজকে টেলিভিশনে যে সংকট রয়েছে, সেটা কেটে যাবে। তথ্যমন্ত্রী আরো বলেন, এখন পর্যন্ত ৪৪টি টিভি চ্যানেলকে লাইসেন্স দেওয়া হয়েছে। এর মধ্যে বর্তমানে ৩৩টি সম্প্রচারে রয়েছে। **সূত্র : সংবাদ** (শেষ পৃ.ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৬। **ডিএনসিসি মার্কেটে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তরা সহায়তা পাবেন : এলজিআরডিমন্ত্রী**

গুলশানের ডিএনসিসি মার্কেটে অগ্নিকান্ডের পর ব্যবসায়ীদের সরকারের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে আশ্বাস দিয়ে স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, সরকারের নীতিমালা সাপেক্ষে আর্থিক সহায়তা দেওয়া হবে। তবে এ অগ্নিকান্ডের পর ব্যবসায়ীদের বোধোদয় হবে। এ মার্কেটে এর আগেও একবার অগ্নিকান্ড হয়েছে। এ মার্কেট সম্পর্কে দেশবাসী জানেন। এখানে মার্কেট হওয়ার জন্য যেসব ব্যবস্থাপনা থাকা দরকার, তার যথেষ্ট গাফিলতি আছে এর আগে অগ্নিকান্ডের পর সরকারের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা দেওয়া হয়েছিল, পরিকল্পনা দেওয়া হয়েছে, এটাকে ভেঙে একটা নতুন মার্কেট তৈরি করার জন্য। কিন্তু বিভিন্ন আইনি জটিলতা সৃষ্টি করে এখন কাজটাকে অত্যন্ত মন্থর করে দেওয়া হয়েছে। গতকাল (৩০ মার্চ শনিবার) রাজধানীর গুলশান-১ এর ডিএনসিসি কাঁচাবাজার ও সুপারমার্কেটের অগ্নিকান্ডস্থল পরিদর্শনের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। **সূত্র : সংবাদ** (শেষ পৃ.ক.২)**, যায়যায়দিন** (পৃ.৩,ক.৬)।

৭। **আগামীকাল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু**
**গুজবে কান না দেওয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর**

এইচএসসি ও সমপর্যায়ের পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল **১** এপ্রিল সোমবার। এ পরীক্ষায় প্রশ্নফাঁসসহ সব ধরনের অব্যবস্থাপনারোধে ইতোমধ্যে কঠোর পদক্ষেপ নিয়েছে সরকার। প্রথমদিন সকাল **১০**টা থেকে বেলা **১**টা পর্যন্ত বাংলা প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার এ পরীক্ষায় অংশ নিচ্ছে **১৩** লাখ **৫১** হাজার ৫০৫ পরীক্ষার্থী।

এইচএসসি পরীক্ষা চলাকালীন গুজবে কান না দিতে পরীক্ষার্থী ও অভিভাবকদের আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি এইচএসসি পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্দেশে বলেছেন, এসএসসি পরীক্ষার মতো এইচএসসি পরীক্ষাও সুষ্ঠুভাবে সম্পাদিত হবে। প্রশ্নফাঁস হওয়ার কোনো আশঙ্কা নেই। প্রতারক চক্র বিভিন্নভাবে মানুষকে প্রতারিত করতে গুজব ছড়ায়। কোনো গুজবে কান দিবেন না এবং অনৈতিক কোনো লেনদেন করবেন না। যারা এ রকমের অনৈতিক কাজের সঙ্গে জড়িত থাকবে তাদের কঠিন শাস্তির আওতায় আনা হবে। এ বিষয়ে সব গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনী সচেতন রয়েছে। শিক্ষামন্ত্রী গতকাল (৩০ মার্চ শনিবার) শেরপুর জেলার নকলা উপজেলার চন্দ্রকোনা রাজলক্ষ্মী উচ্চ বিদ্যালয়ের শত বছর উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। **সূত্র : সংবাদ** (পৃ.১,ক.৪), (শেষ পৃ.ক.৪)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.৩)।

৮। **বঙ্গবন্ধুর খুনিদের ফেরাতে কাজ চলছে : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনিসহ বিদেশে পালিয়ে থাকা খুনিদের দেশে ফিরিয়ে এনে শাস্তি নিশ্চিতের কাজ চলছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবর্ষে সারাদেশে ব্যাপক আনুষ্ঠানিকতায় উৎসব উদ্‌যাপনের পরিকল্পনা রয়েছে। এর ধারাবাহিকতায় বঙ্গবন্ধুর খুনিসহ সব খুনিকে দেশে ফিরিয়ে এনে শাস্তি নিশ্চিত করতে কাজ করা হচ্ছে। এরই মধ্যে কানাডায় পলাতক খুনিকে ফেরানোর ব্যাপারে অনেকটা অগ্রগতি হয়েছে। গতকাল (৩০ মার্চ শনিবার) সিলেটের জিন্দাবাজারে সরকারি কিন্ডারগার্টেন প্রাথমিক বিদ্যালয় দেশসেরা হওয়ার গৌরব অর্জন উপলক্ষে আয়োজিত আনন্দ শোভাযাত্রার উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। **সূত্র : সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

৯। **দায়িত্ব পালন না করলে ডাক্তার-নার্সদের চাকরিতে থাকার প্রয়োজন নেই : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, ডাক্তার-নার্সরা অনেক সময় হাসপাতালে থাকেন না। যে কারণে প্রসূতিরা হাসপাতালে আসেন না। ফলে প্রাইভেট ক্লিনিকে চলে যান তারা। প্রাইভেট ক্লিনিকে নরমাল ডেলিভারি থেকে সিজারিয়ান ৭৫ ভাগ বেশি হয়। বাণিজ্যিক কারণে অনেক ক্ষেত্রে প্রয়োজন ছাড়াই ক্লিনিকগুলোতে সিজারিয়ান করানো হয়। বিনা চিকিৎসায় মানুষ মারা যায়, এটা আমাদের কাম্য নয়। যে সব ডাক্তার-নার্স দায়িত্ব পালন করতে পারবেন না, তাদের চাকুরিতে থাকার প্রয়োজন নেই। তারা স্বেচ্ছায় এ পেশা ছেড়ে দিতে পারেন। গতকাল (৩০ মার্চ শনিবার) মানিকগঞ্জে ইউএসএআইডির মামণি মাতৃ ও নবজাতক স্বাস্থ্যসেবা উন্নয়ন প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। **সূত্র : সমকাল** (পৃ.৫,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১)।



১০। **ডিজিটাল শিল্পনগরী হবে রাজশাহী : তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, রাজশাহীতে নির্মাণাধীন বঙ্গবন্ধু হাইটেক পার্কের নির্মাণ শেষ হলে তথ্য-প্রযুক্তিতে পদ্মাপাড়ের এ শহর অনেক এগিয়ে যাবে। তখন রাজশাহীকে ডিজিটাল শিল্পনগরী হিসেবে গড়ে তোলা হবে। গতকাল (৩০ মার্চ শনিবার) রাজশাহীতে বঙ্গবন্ধু হাইটেক পার্কের নির্মাণকাজ পরিদর্শনে গিয়ে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। **সূত্র : জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.১)।

**১১। ঢাকার নৌপথ পুরনো অবয়বে ফিরিয়ে আনা হবে : নৌপ্রতিমন্ত্রী**

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, নৌপরিবহণ ব্যবস্থাকে আরও বেশি মানুষের কাছে পৌঁছে দিতে আন্তরিকভাবে কাজ করছে সরকার। আগামী ১০ বছরের মধ্যে ঢাকার নৌপথকে পুরনো অবয়বে ফিরিয়ে আনা হবে। দখল ও দূষণরোধ করে নদীর সুন্দর পরিবেশ ফিরিয়ে আনা হবে। গতকাল (৩০ মার্চ শনিবার) রাজধানীর সদরঘাট লঞ্চ টার্মিনালের সুন্দরবন লঞ্চ-১১-এ দেশব্যাপী নৌ-নিরাপত্তা সপ্তাহের উদ্বোধনকালে এসব কথা বলেন নৌপ্রতিমন্ত্রী। 'দূষণ ও দখলমুক্ত করি, নৌযাত্রা নিরাপদ করি, বিশ্বমানের নৌব্যবস্থার স্বপ্নকে সফল করি'- এ প্রতিপাদ্যকে সামনে রেখে এবারের নৌ-নিরাপত্তা সপ্তাহ শুরু হয়েছে, যা আগামী ৫ এপ্রিল পর্যন্ত চলবে। সূত্র **: সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**১২। গ্রিনহাউজ গ্যাস উদগীরণ বন্ধে দ্রুত ব্যবস্থা নিতে হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

বৈশ্বিক জলবায়ুর পরিবর্তন মোকাবিলা এবং জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে আরও সক্রিয় অবদান রাখতে বাংলাদেশের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। গতকাল যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদ আয়োজিত সভায় তিনি এসব বিষয়ে আলোচনা করেন। 'সবার জন্য জলবায়ু ও টেকসই উন্নয়ন' শীর্ষক সভায় উদ্বোধনীতে প্রতিমন্ত্রী বলেন, বৃহৎ কার্বন উদগীরণকারী দেশগুলোকে অবশ্যই দ্রুততার সঙ্গে গ্রিনহাউজ গ্যাস উদগীরণ বন্ধে ব্যবস্থা নিতে হবে। আর্থিক তহবিল সরবরাহ ও প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে নাজুক উন্নয়নশীল দেশগুলোর অভিযোজন প্রচেষ্টায় আন্তর্জাতিক সম্প্রদায়কে অবশ্যই পাশে দাঁড়াতে হবে যাতে ক্ষতিগ্রস্ত দেশগুলো সক্ষমতা অর্জন করতে পারে।

জলবায়ুর পরিবর্তন মোকাবিলা করে ঘুরে দাঁড়ানো এবং টেকসই উন্নয়ন বাস্তবায়নের সক্ষমতা বিনির্মাণে বাংলাদেশ সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ 'কার্বন বাজেটিং', 'কার্বনবিহীন উৎপাদন পথ' এবং 'নিম্নকার্বন শিল্পায়ন' এর মতো বিশেষ পরিকল্পনাসহ জলবায়ু ও দুর্যোগসৃষ্ট বহুমাত্রিক ঝুঁকির কথা বিবেচনায় রেখে সম্প্রতি যুগান্তকারী 'ডেল্টা প্ল্যান-২১০০' গ্রহণ করেছে যা পরবর্তী একশ বছরের টেকসই উন্নয়নে আমাদের পথ দেখাবে। শান্তিরক্ষা কার্যক্রমে দ্রুত সাড়াদান প্রস্তুতি'র ক্ষেত্রে বাংলাদেশের পূর্ণ সামর্থ্যের কথা তুলে ধরে তিনি আরো বলেন, শান্তিরক্ষা কার্যক্রমে দ্রুত সাড়াদান প্রস্তুতি ব্যবস্থার অংশ হিসেবে ২৬টি ক্ষেত্রে অর্থাৎ বাংলাদেশ সেনাবাহিনীর ৯টি, নৌবাহিনীর ৬টি, বিমান বাহিনীর ৩টি এবং পুলিশ বাহিনীর ৮টি ক্ষেত্রে জাতিসংঘকে প্রতিশ্রুতি দিয়েছে। **সূত্র : সংবাদ** (শেষ পৃ.ক.**১), বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**১৩। ১০৭ উপজেলা পরিষদের ভোট গ্রহণ আজ**

পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের চতুর্থ ধাপে ১০৭ উপজেলায় ভোটগ্রহণ আজ। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এসব উপজেলায় টানা ভোটগ্রহণ চলবে। ইতোমধ্যে ভোটগ্রহণের সার্বিক প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। নির্বাচনি এলাকায় গত ২৯ মার্চ শুক্রবার প্রার্থীদের সব ধরনের প্রচারণা শেষ হয়েছে। পুলিশ, আনসার, র‍্যাব, বিজিবি, গ্রাম-পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাবাহিনীর পর্যাপ্ত সংখ্যক সদস্য নির্বাচনি এলাকায় দায়িত্ব পালন করছেন। মাঠে রয়েছেন নির্বাহী ও বিচারিক ম্যাজিস্ট্রেট। নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দীন আহমদ সাংবাদিকদের বলেন, নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সর্বাত্মক প্রস্তুতি নিয়েছে কমিশন। তিনি জানান, ৫০টি উপজেলায় অতিরিক্ত বিজিবি মোতায়েন করা হয়েছে। এছাড়া সহিংসতা মোকাবিলা করতে ব্যর্থ হওয়া তিন ওসি, একজন পুলিশ সুপার ও একজন উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রত্যাহার করা হয়েছে। সচিব আরো বলেন, কারও বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ উঠলে তাৎক্ষণিক প্রত্যাহার এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। **সূত্র : সংবাদ** (পৃ.১,ক.৬**), ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।



**১৪। তুরাগ নদে খনন শুরু : রাতে নৌযান চলাচল বন্ধ**

তুরাগ নদে গতকাল (৩০ মার্চ শনিবার) থেকে শুরু হয়েছে খনন কাজ। তাই পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সদরঘাট-গাবতলী পর্যন্ত রাতে **১২** ঘণ্টা নৌ-চলাচল বন্ধ ঘোষণা করেছে অভ্যন্তরীণ নৌ-কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। গতকাল এক বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেয় সংস্থাটি। **সূত্র : সংবাদ** (শেষ পৃ.ক.৪)**, বণিক বার্তা** (পৃ.২,ক.৩)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল :** হালদা নদীর যেসব কুমে (গভীর এলাকা) মাছ ডিম ছাড়ে, অপরিকল্পিত পন্থায় নদীর পাড়রক্ষা ও ভাঙনরোধে সেখানে জিও ব্যাগ ফেলায় কুমগুলো ভরাট হয়ে যাচ্ছে উল্লেখ করে প্রাকৃতিক এ মৎস্য প্রজননক্ষেত্রের বিরুপ প্রভাব মোকাবিলায় কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **ইত্তেফাক :** বাংলাদেশের হাওর, চরাঞ্চল ও পাহাড়ী এলাকার মতো দুর্গম এলাকায় শিক্ষার্থীদের ঝরেপড়া রোধে আবাসিক স্কুল প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ।

**গ.** **যায়যায়দিন, বণিকবার্তা, ভোরের কাগজ, ইনকিলাব** : রাজধানীতে সাড়ে **১১** হাজার ভবন নানান ঝুঁকিতে রয়েছে। যার মধ্যে অগ্নি ঝুঁকিতে আছে **২৭'শ** বহুতল ভবন-এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে ঝুঁকিপূর্ণ ভবনগুলোর বিষয়ে দ্রুত কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **জনকণ্ঠ, ইত্তেফাক :** বাংলাদেশ ও ভারতের মধ্যে যাত্রীবাহী জাহাজ চলাচল শুরু হওয়ায় স্বাগত জানিয়ে এতে দুই দেশের মধ্যে সম্পর্কের বন্ধন আরও দৃঢ় হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **নিউ এজ, যায়যায়দিন :** নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণহীন উল্লেখ করে এব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানসম্মত শিক্ষা দিয়ে আমাদের মানবসম্পদ উন্নয়ন করতে পারলে দেশ দ্রুত উন্নয়নের পথে অগ্রসর হবে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'অপরিকল্পিত নগরায়নের পরিণতি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বিশ্বের অন্যান্য দেশের মতো আমাদেরকেও নগর দুর্যোগ মোকাবিলায় সবধরনের ঝুঁকি চিহ্নিত করে তা নিরসনে সর্বাত্মক ও সমন্বিত উদ্যোগ নিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা